



জামায়াতের ইফতার আয়োজনে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে-এ বাংলাদেশ জামায়াতে ইসলামীর আয়োজিত ইফতার মাহফিলে অংশ নেবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শুক্রবার রাতে বিএনপির মিডিয়া সেল এ তথ্য নিশ্চিত করেছে।

দলীয় সূত্র জানায়, শনিবার সকাল ১০টায় তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে কর্মকর্তা-কর্মচারী ও অধীনস্থ দপ্তরপ্রধানদের সঙ্গে মতবিনিময় করবেন তিনি। পরে বিকেল সাড়ে ৫টায় জামায়াতের ইফতার অনুষ্ঠানে যোগ দেওয়ার কথা রয়েছে।

এ আয়োজনকে ঘিরে গত ২৫ ফেব্রুয়ারি সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার ও সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা আবদুল হালিম। তারা আনুষ্ঠানিক আমন্ত্রণপত্র হস্তান্তর করলে প্রধানমন্ত্রী উপস্থিত থাকার সম্মতি জানান।

পরে দলটির আমির ও সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান টেলিফোনে প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলে পরিবারসহ অনুষ্ঠানে অংশ নেওয়ার অনুরোধ জানান।